

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এফ,ই সার্কুলার নং ১৩

শ্বাবণ ০৬, ১৪১৭ বাং

তারিখ : -----

জুন ২১, ২০১০ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

রঞ্জানি খাতের উন্নয়নে সরকার কর্তৃক ঘোষিত দ্বিতীয় প্রগোদ্ধনা  
প্যাকেজের গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফ,ই সার্কুলার নং ১২, তারিখ জুন ০৭, ২০১০ এর ২ অনুচ্ছেদের প্রতি  
সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে ।

উক্ত অনুচ্ছেদের (ক) ও (খ) উপঅনুচ্ছেদদ্বয় নিম্নোক্তভাবে সংশোধন করা হইল :

(ক) ২০০৮-২০০৯ অর্থ বছরে যে সকল উৎপাদনকারী-রঞ্জানিকারক প্রতিষ্ঠান ৩.৫০ মিলিয়ন মার্কিন ডলার  
পর্যন্ত মূল্যের বন্স্র/বন্স্রজাত সামগ্রী রঞ্জানি করিয়াছে এবং কোন বৃহৎ বন্স্র শিল্প প্রতিষ্ঠানের মালিকানাধীন নহে এমন  
প্রতিষ্ঠানসমূহ ক্ষুদ্র ও মাঝারি বন্স্র শিল্প হিসাবে সংজ্ঞায়িত হইবে । যে সকল ক্ষুদ্র ও মাঝারি বন্স্র শিল্প প্রতিষ্ঠান এফ,ই  
সার্কুলার নং ০৯, তারিখ মার্চ ০৫, ২০০১ এবং পরবর্তীতে এতদসম্পর্কিত জারিকৃত সংশ্লিষ্ট এফ,ই সার্কুলার/সার্কুলার  
পত্রের নির্দেশনা অনুযায়ী ২০০৯-২০১০ অর্থ বছরে রঞ্জানির ভিত্তিতে বন্স্র/বন্স্রজাত সামগ্রী রঞ্জানির বিপরীতে ৫% (পাঁচ  
শতাংশ) হারে নগদ সহায়তা গ্রহণ করিয়াছে কিংবা সংশ্লিষ্ট আবেদন বিবেচনাধীন রহিয়াছে সেই সকল ক্ষুদ্র ও মাঝারি বন্স্র  
শিল্প প্রতিষ্ঠান উক্ত অর্থ বছরের (২০০৯-২০১০) রঞ্জানির বিপরীতে অতিরিক্ত ৫% (পাঁচ শতাংশ) হারে নগদ সহায়তা  
পাইবে ।

(খ) অতিরিক্ত নগদ সহায়তা সুবিধা গ্রহণের প্রাপকপক্ষগণ ২০০৯-২০১০ অর্থ বছরের রঞ্জানির বিপরীতে সংশ্লিষ্ট  
অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় পূর্বে দাখিলকৃত পৃথক পৃথক আবেদনপত্রের তথ্য একীভূত আকারে এফ,ই সার্কুলার নং  
৯/২০০১ এর সহিত সংযুক্ত আবেদন ফরমে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় অতিরিক্ত নগদ সহায়তার জন্য  
আবেদনপত্র দাখিল করিতে পারিবেন । ক্ষুদ্র ও মাঝারি বন্স্র শিল্প প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হওয়া এবং কোন বৃহৎ বন্স্র  
শিল্প প্রতিষ্ঠানের মালিকানাধীন না হওয়া সম্পর্কে বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃক প্রত্যয়ন সনদ দ্বারা সমর্থিত ঘোষনা পত্র  
এবং ২০০৮-২০০৯ অর্থ বছরের রঞ্জানি বিবরণী (প্রযোজ্য দলিলাদিসহ) আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে ।  
বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুযায়ী ক্ষুদ্র ও মাঝারি বন্স্র শিল্প প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত  
প্রতিষ্ঠানসমূহ আলোচ্য সুবিধা প্রাপ্য হইবে ।

এতদবিষয়ে এফ,ই সার্কুলার নং ১২, তারিখ জুন ০৭, ২০১০ এর অপরাপর সকল নির্দেশাবলী অপরিবর্তিত  
থাকিবে । সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫